বাউবি'র দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

SARD SCHOOL OF AGRICULTURE AND RURAL DEVELOPMENT
কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল

# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
# BANGLADESH OPEN UNIVERSITY
## কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল

## সার্টিফিকেট ইন লাইভস্টক এন্ড পোল্ট্রি (সিএলপি) প্রোগ্রাম

### ২৬২ টার্ম (জুলাই-ডিসেম্বর, ২০২৬ সিমেস্টার)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল পরিচালিত ৬ মাস মেয়াদি সার্টিফিকেট ইন লাইভস্টক এন্ড পোল্ট্রি [Certificate in Livestock and Poultry (CLP)] প্রোগ্রামে ২৬২ টার্ম (জুলাই-ডিসেম্বর, ২০২৬ সিমেস্টার) এ ভর্তির জন্য আগ্রহী শিক্ষার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। প্রার্থীকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের OSAPS (https://osapsnew.bou.ac.bd) এর মাধ্যমে অনলাইনে আবেদন করতে হবে।

**আবেদনের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা**

এস.এস.সি. বা সমমান। আসন সংখ্যা (প্রতি স্টাডি সেন্টার): ৫০ ।

**স্টাডি সেন্টার**

যুব প্রশিক্ষণ কেন্দ্র (সাভার, ঢাকা; ময়মনসিংহ; বগুড়া; যশোর; সোনাডাঙ্গা, খুলনা; চুয়াডাঙ্গা, যুব প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম) ও ILST, গাইবান্ধা।

অনলাইনে আবেদন ও প্রাথমিক ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণের সময়: ১৫-০৫-২০২৬ থেকে ২৭-০৭-২০২৬ তারিখ পর্যন্ত (বর্ধিত)।

**অনলাইন-এ আবেদন ও ভর্তি প্রক্রিয়া**

যে কোন ব্রাউজারের Address bar-এ https://osapsnew.bou.ac.bd টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশন-এর অধীনে School of Agriculture and Rural Development (SARD)-এ ক্লিক করে Certificate in Livestock and Poultry (CLP) প্রোগ্রামের পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন। CLP প্রোগ্রামে ভর্তি নির্দেশাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন। অনলাইন-এ আবেদন ফরমটি General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ফটো (300 X 300 JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (300X100 JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করুন। Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য সঠিকভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। সঠিকভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ইমেইল-এ Temporary User ID ও Password প্রেরণ করা হবে। Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যে কোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে "Payment has been completed successfully" মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ইমেইল-এর মাধ্যমে অবহিত করা হবে। সঠিকভাবে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পর শিক্ষার্থীগণ Profile এবং Payment Slip সমূহ প্রিন্ট করে তার সাথে প্রয়োজনীয় কাগজপত্র যুক্ত করে সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে জমা প্রদান করবেন।

**আবেদনসহ মোট ভর্তি ফি**

আবেদনপত্রের ফি বাবদ ১০০/- (একশত) টাকাসহ সর্বমোট ৩৭৪০/- (তিন হাজার সাতশত চল্লিশ টাকা)। আনুষাঙ্গিক চার্জ আবেদনকারী বহন করবেন।

**ভর্তি চূড়ান্তকরণ**

স্টাডি সেন্টারের নির্ধারিত আসন পূরণ না হওয়া পর্যন্ত ন্যূনতম যোগ্যতাসম্পন্ন শিক্ষার্থীগণ অনলাইনে আগে আসলে আগে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার সুযোগ পাবেন। তবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের ভর্তি কর্মকর্তা প্রয়োজনীয় তথ্য ও সনদপত্রসমূহ যাচাই-বাছাইপূর্বক অনলাইনে প্রাথমিকভাবে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকারী শিক্ষার্থীর ভর্তি চূড়ান্ত করবেন। ভর্তি আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলী মিথ্যা ও সংযুক্ত কাগজপত্র ভূয়া প্রমাণিত হলে পরবর্তীতে শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

**টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা**

শিক্ষার্থীদের টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষা সংশ্লিষ্ট স্টাডি সেন্টারের শ্রেণীকক্ষে সাপ্তাহিক ছুটির দিন (শুক্রবার) নির্ধারিত রুটিন অনুযায়ী অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে, কার্যকর নতুন রেগুলেশন অনুযায়ী ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রতি কোর্সের ক্লাস হাজিরা সন্তোষজনক (ন্যূনতম ৬০%) হলে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এছাড়া শিক্ষার্থীকে প্রতিটি কোর্সের তত্ত্বীয় ও ব্যবহারিক পরীক্ষা এবং টিএমএ-১ ও টিএমএ-২ এ পৃথকভাবে ন্যূনতম ৪০% নম্বর পেয়ে পাশ করতে হবে।

ক্লাস শুরু: ৩১/০৭/২০২৬ তারিখ (সম্ভাব্য)।

**ভর্তি ও প্রোগ্রাম সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী**

- বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bou.ac.bd/index.php/academic-info/admission) ভিজিট করুন।
- অনলাইনে ভর্তির আবেদন প্রক্রিয়া সংক্রান্ত পরামর্শ/অভিযোগের জন্য কল করুনঃ ০১৬১৮-৯৭৭২৩৭, ০১৯০৭-৪৫১৬১২ [সোম-শুক্রবার (সকাল ৮.৩০ হতে বিকাল ৩.৩০টা পর্যন্ত)]।
- প্রয়োজনে প্রোগ্রাম সমন্বয়কারীর সাথে যোগাযোগ করুন ঃ ড. মোহাম্মদ আব্দুল হামিদ, সহযোগী অধ্যাপক, কৃষি ও পল্লী উন্নয়ন স্কুল, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর (মোবাইল: ০১৭১২-৯৪৩৮৯৪)।

অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম
সভাপতি, ভর্তি কমিটি
সিএলপি প্রোগ্রাম, ২৬২ টার্ম (জুলাই-ডিসেম্বর, ২০২৬ সিমেস্টার)
ও
ডীন, সার্ড, বাউবি।

ভর্তি আবেদনপত্রে প্রদত্ত তথ্যাবলী মিথ্যা ও সংযুক্ত কাগজপত্র ভূয়া প্রমাণিত হলে শিক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।